গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.১১৬.০১.০০.১৯৫.২০১২- ৪৩৮ তারিখঃ ২২.০৪.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মুঃ মিজানুর রহমান (কোড-১১১২৬৯), মেডিকেল অফিসার, রসুলপুর উপস্বাস্থ্য কেন্দ্র, মুক্তাগাছা, ময়মনসিংহ (প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নাজিরপুর, পিরোজপুর)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৭.০৪.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, তিনি ৩০.০৬.২০১১ তারিখ পর্যন্ত এফসিপিএস করার জন্য প্রেষণে ছিলেন। কোর্স সম্পন্ন করতে না পারায় তিনি ০১.০৭.২০১১ হতে ০৬(ছয়) মাসের জন্য শিক্ষাছুটির আবেদন করেন এবং অধ্যয়ন করতে থাকেন। কর্তৃপক্ষ শিক্ষাছুটি মঞ্জুর করেনি তবে বিষয়টি তাঁকে জানানো হয়নি। তিনি ১৬.০২.২০১২ থেকে পুনরায় পদায়ন আদেশবলে চাকুরিতে কর্মরত আছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মুঃ মিজানুর রহমান (কোড-১১১২৬৯), মেডিকেল অফিসার, রসুলপুর উপস্বাস্থ্য কেন্দ্র, মুক্তাগাছা, ময়মনসিংহ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.১১৬.০১.০০.১৯৫.২০১২- ৪৩৮/১(১২) তারিখঃ ২২.০৪.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। সিভিল সার্জন, ময়মনসিংহ
৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৮। সিনিয়র সহকারী সচিব (পার-১ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাঁর ০১.০৭.২০১১ তারিখ হতে ৩০.০২.২০১২ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতকালের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হল)
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ
১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ
১২। ডাঃ মুঃ মিজানুর রহমান (কোড-১১১২৬৯), মেডিকেল অফিসার, রসুলপুর উপস্বাস্থ্য কেন্দ্র, মুক্তাগাছা, ময়মনসিংহ

(হাছিনা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৮.০৪.২০১৩ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, উচ্চশিক্ষার্থে তিনি প্রেষণ ও শিক্ষাছুটিতে ৩০.০৬.২০১১ তারিখ পর্যন্ত নিয়োজিত ছিলেন। ছুটি শেষে তিনি ০৩.০৭.২০১১ তারিখে স্বাস্থ্য অধিদপ্তরে যোগদান করে পদায়নের জন্য অপেক্ষা করতে থাকেন। অতঃপর স্বাস্থ্য অধিদপ্তর ১৫.০৫.২০১২ তারিখে পদায়ন আদেশ জারি করলে তিনি যথারীতি নতুন কর্মস্থলে যোগদান করেন। তিনি তার বক্তব্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র উপস্থাপন করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ নাজমা পারভীন (১১২৮৫১), প্রভাষক (এনাটমি), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৩- ৪(১২)/১ (৮)

তারিখঃ ২২.০৪.২০১৩

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক, প্রশাসন/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা
৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। উপ-সচিব (পার-৩),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। ডাঃ নাজমা পারভীন (১১২৮৫১), প্রভাষক (এনাটমি), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা

(হাছিনা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdisc1@mohfw.gov.bd